**Recommendation for distributions in light of COVID-19**
**COVID-19 এর আলোকে বিতরণের জন্য সুপারিশ**

17th March 2020
**১৭ মার্চ ২০২০ইং**

To minimize potential spread of COVID-19 in the camps, partners conducting any distribution of NFIs, shelter materials and LPG, general food assistance (GFA) – both in-kind and e-voucher, soap and WASH related items (i.e. hygiene kits, water purification tablets etc.) are advised to adopt the measures described below.
**These measures are temporary and are subject to change if specific policies are issued by the government and / or upon further recommendations by the Health Sector in regards to this matter.**
ক্যাম্পগুলিতে COVID-19 এর সম্ভাব্য বিস্তার হ্রাস করতে, নিত্য প্রয়োজনীয় সামগ্রী, শেল্টার উপকরণ এবং এলপিজি, সাধারণ খাদ্য সহায়তা (জিএফএ) যেকোনো বিতরণ পরিচালনাকারী অংশীজনগণ – মালামাল বিতরণের মাধ্যমে এবং ই-ভাউচার উভয় মাধ্যমে সহায়তা প্রদান, সাবান এবং ওয়াশ সম্পর্কিত আইটেম প্রদানে (যেমন স্বাস্থ্যবিধির উপকরণ, পানি পরিশোধন ট্যাবলেট ইত্যাদি) নীচে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেওয়া হয়।
**এই ব্যবস্থাগুলি অস্থায়ী এবং যদি সরকার কর্তৃক নির্দিষ্ট নীতিমালা জারি করা হয় এবং / বা এই বিষয়ে স্বাস্থ্য সেক্টর দ্বারা আরও সুপারিশ করা হয় তবে তা পরিবর্তিত হতে পারে।**

**Plan for distribution:**
**বিতরণের পরিকল্পনাঃ**

- Whenever possible continue to provide delivery service to the households that were already benefiting from delivery support. For example the families that have older persons without accompanying family members, families where the only member that could attend distribution (male aged between 18-60 years) was identified as person with disability or serious medical condition.
  যে সকল পরিবার ইতিমধ্যে বিতরণ সহায়তা(মালামাল ঘরে নিয়ে যাবার জন্য) থেকে উপকৃত হয়ে আসছিল, যখনই সম্ভব সেই পরিবারগুলিতে বিতরণ পরিষেবা সরবরাহ চালিয়ে যান । উদাহরণস্বরূপ, যে পরিবারগুলিতে বয়স্ক ব্যক্তি রয়েছে পরিবারের সদস্যদের সাথে থাকে না, যে পরিবারগুলিতে বিতরণে অংশ নিতে পারে এমন একমাত্র সদস্য (১৮-৬০ বছরের মধ্যে বয়স্ক পুরুষ) প্রতিবন্ধী বা গুরুতর রোগী হিসাবে চিহ্নিত হয়েছিল।
- Communicate with the families: not to send family members that have fever, cough and have difficulty breathing to distributions. Those family members are advised to seek help of Community Health Workers for advice and medical care or approach a health facility directly.
  পরিবারের সাথে যোগাযোগ করুনঃ পরিবারের যে সকল সদস্যদের জ্বর, কাশি এবং শ্বাসগ্রহণ জনিত অসুবিধা আছে তাদের বিতরণ স্থানে না পাঠানো। পরিবারের সেই সকল সদস্যদের চিকিৎসা সেবার জন্য কমিউনিটি স্বাস্থ্য সহায়তাকারীর সহায়তা নেওয়ার বা কোনো স্বাস্থ্য সহায়তার জন্য স্বাস্থ্য কেন্দ্র সরাসরি যোগাযোগ করার পরামর্শ দেওয়া হয়।
- Request families where the person who would attend the distributions is having fever, cough and difficulty breathing to inform representative of your organization. Advise them to seek help of Community Health Workers for advice and medical care or approach a health facility directly. Arrange delivery support to that household.
  যে ব্যক্তি বিতরণে অংশ নেবে তার জ্বর, কাশি এবং শ্বাস প্রশ্বাসের অসুবিধা থাকলে আপনার প্রতিষ্ঠানের প্রতিনিধিকে তা অবহিত করতে পরিবারগুলিকে অনুরোধ করুন। তাদের পরামর্শ এবং চিকিৎসা সেবার জন্য কমিউনিটি স্বাস্থ্য সহায়তাকারীর সহায়তা চাইতে বা সরাসরি কোনো স্বাস্থ্য সেবাকেন্দ্রে যোগাযোগ করতে পরামর্শ দিন। সেই পরিবারে সহায়তা সরবরাহের ব্যবস্থা করুন।

- Share the messages developed by Civil Surgeon, Health Sector, WASH Sector and CWC WG, as well as the messages developed by WASH Sector (links below)
  সিভিল সার্জন, স্বাস্থ্য সেক্টর, ওয়াশ সেক্টর এবং জনগণের সাথে যোগাযোগ কার্যসম্পাদনকারী দল দ্বারা সংকলিত বার্তা পাশাপাশি ওয়াশ সেক্টর দ্বারা সংকলিত বার্তাগুলি সহভাগিতা করুন (নীচের লিঙ্কগুলিতে)

**<u>Prepare the distribution site</u>:**

**বিতরণ সাইট প্রস্তুত করুনঃ**

- Whenever possible try to organize distributions in smaller batches. The number of persons in the distribution site at any given time can be determined by the size and arrangement of distribution site, following the minimum distance of at least 3 feet (1 meter) between people. Consider informing beneficiaries what time of the day will the distribution take place and request them to come at that time.
  যখনই সম্ভব ছোট ছোট ব্যাচে/দলে বিতরণগুলি সম্পাদন করার চেষ্টা করুন। কোনো সুনির্দিষ্ট সময়ে বিতরণের জন্য নির্ধারিত ব্যক্তির সংখ্যা, বিতরণ সাইটের আকার এবং বিন্যাসের মাধ্যমে নির্ধারণ করা যেতে পারে যাতে মানুষের মধ্যে ন্যূনতম ৩ ফুট (১ মিটার) দূরত্ব বজায় থাকে। দিনের কোন সময় বিতরণটি হবে তা উপকারভোগীদের অবহিত করার বিষয়ে বিবেচনা করুন এবং তাদের সেই সময়ে আসার জন্য অনুরোধ করুন।

- Organize multiple queue lines taking into consideration people will be at least 3 feet (1 meter) distance from one another. Mark the distance on the railing or the floor with tape, paint or other objects. Make sure 3 feet (1 meter) distance is clearly demarcated.
  একে অপরের থেকে কমপক্ষে ৩ ফুট (১ মিটার) দূরত্ব বিবেচনায় নিয়ে একাধিক লাইনে বিতরণের ব্যবস্থা করুন। দূরত্ব বজায় রাখতে রেলিং বা মেঝেতে টেপ, পেইন্ট বা অন্যান্য বস্তুর দ্বারা চিহ্নিত করুন। নিশ্চিত করুন যে ৩ ফুট (১ মিটার) দূরত্ব স্পষ্টভাবে বজায় রাখা হয়েছে।
- Provide hand washing stations at the distribution site:
  বিতরণ সাইটে হাত ধোয়ার স্থানের ব্যবস্থা করুনঃ

  - Ensure that hand washing stations are present next to entrance and exit points as well as the latrines
    হাত ধোয়ার স্থানগুলি প্রবেশ পথ এবং প্রস্থান স্থান এবং ল্যাট্রিনগুলির পাশে রয়েছে তা নিশ্চিত করুন
  - If the facility includes breastfeeding area, hand washing station should also be in the proximity of it
    যদি সুবিধা প্রদানের স্থানটিতে বুকের দুধ খাওয়ানোর জায়গা অন্তর্ভুক্ত থাকে তবে হাত ধোয়ার স্থানও এটির নিকটেই হওয়া উচিত
  - In the areas where staff members and volunteers are working (verification desk, material collection area…) যে সকল এলাকায় কর্মী সদস্য এবং স্বেচ্ছাসেবীরা কাজ করছেন (যাচাইকরণ ডেস্ক, মালামাল সংগ্রহের এলাকা…)
- Display IEC Materials communicating messages developed by Civil Surgeon, Health Sector, WASH Sector and CWC WG (attached)
  সিভিল সার্জন, স্বাস্থ্য সেক্টর, ওয়াশ সেক্টর এবং জনগণের সাথে যোগাযোগ কার্যসম্পাদনকারী দল দ্বারা সংকলিত বার্তাসমূহ (সংযুক্ত) যোগাযোগের জন্য আইইসি উপকরণগুলি প্রদর্শন করুন

- Orient staff members, delivery support and volunteers working in distribution sites and providing delivery service to the households
  যে সকল স্টাফ সদস্য, বিতরণ সহায়তাকারী এবং বিতরণ সাইটগুলিতে যেসব স্বেচ্ছাসেবী কাজ করছে এবং পরিবারগুলিতে বিতরণ পরিষেবা প্রদান করছে তাদের এ বিষয়ে অবহিত করুন।

- Ensure that staff members and volunteers showing symptoms are not carrying out distributions and are referred to seek health advice from their Community Health Worker/the medical facility.

নিশ্চিত করুন যে কর্মী সদস্য এবং স্বেচ্ছাসেবীদের এই লক্ষণগুলি প্রকাশ পাচ্ছে তারা বিতরণ করছেন না এবং তাদের কমিউনিটি স্বাস্থ্য কর্মী / চিকিৎসা প্রদান কেন্দ্র থেকে স্বাস্থ্য পরামর্শ নেওয়ার জন্য প্রেরণ করা হয়েছে।

- Inform staff members, delivery support and volunteers not to come to distribution sites if they are ill.
  কর্মী সদস্যবৃন্দ, সরবরাহ সহায়তাকারী এবং স্বেচ্ছাসেবীরা অসুস্থ হলে তাদের বিতরণ সাইটে না আসতে অবহিত করুন।

**<u>During distribution:</u>**

**<u>বিতরণকালীনঃ</u>**

- Encourage everyone to keep at least 3 feet (1 meter) distance between one another (supported by markings on the railings or / and floor)
  একে অপরের মধ্যে কমপক্ষে ৩ ফুট (১ মিটার) দূরত্ব রাখতে সবাইকে উৎসাহিত করুন (রেলিং বা / এবং মেঝেতে দেয়া চিহ্ন দ্বারা )
- If persons are showing signs of infection, advise them to seek seek health advice from their Community Health Worker/the medical facility.
  যদি লোকজনের মাঝে সংক্রমণের লক্ষণ দেখা যায় তবে তাদের কমিউনিটি স্বাস্থ্য কর্মী / চিকিৎসা প্রদান কেন্দ্র থেকে স্বাস্থ্য পরামর্শ নেওয়ার জন্য পরামর্শ দিন।
- Collect their data and provide delivery support to their shelter.
  তাদের তথ্য সংগ্রহ করুন এবং তাদের শেল্টারে বিতরণ সহায়তা সরবরাহ করুন।
- Ensure sufficient water and soap are available at the handwashing stations.
  হাত ধোয়ার স্থানগুলিতে পর্যাপ্ত পানি এবং সাবান আছে তা নিশ্চিত করুন।
- Frequently disinfect the surfaces[1] (desktops, phones, key boards, railings, benches, POS machines, fingerprint authentication machines…)
  ঘন ঘন পৃষ্ঠতলসমূহ জীবাণুমুক্ত করুন (ডেস্কটপ কম্পিউটার, ফোন, কী বোর্ড, রেলিং, বেঞ্চ, পোস যন্ত্র, আঙ্গুলের ছাপ প্রমাণীকরণ যন্ত্র ...)
- Staff and volunteers are not advised to wear PPE at this stage, but they are requested to follow general preventative measures such as hand washing, cough etiquette and not coming to work if sick.
  স্টাফ এবং স্বেচ্ছাসেবকদের এই পর্যায়ে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরার পরামর্শ দেওয়া হচ্ছে না, তবে তাদের সাধারণ প্রতিরোধমূলক ব্যবস্থা যেমন, হাত ধোয়া, কাশি শিষ্টাচার(রুমাল, টিসু বা হাতের কনুই ব্যবহার) এবং অসুস্থ হলে কাজে না আসার জন্য অনুরোধ করা হচ্ছে।

**<u>After the distribution</u>:**

**বিতরণের পরে:**

- Disinfect all surfaces (desktops, phones, key boards, railings, benches, POS machines, fingerprint authentication machines …)
  সমস্ত পৃষ্ঠতলসমূহ জীবাণুমুক্ত করুন (ডেস্কটপ কম্পিউটার, ফোন, কী বোর্ড, রেলিং, বেঞ্চ, পোস যন্ত্র, আঙ্গুলের ছাপ প্রমাণীকরণ যন্ত্র ...)
- Replenish water and soap (for the next distribution)
  পানি এবং সাবান পুনরায় পূরণ করুন (পরবর্তী বিতরণের জন্য)
- Dispose of all the garbage
  সমস্ত আবর্জনা মুক্ত করুন।

---

[1] Information on how to disinfect surfaces is available at: https://www.who.int/publications-detail/water-sanitation-hygiene-and-waste-management-for-covid-19 (pg: 6, nb.: Sodium hypochlorite is also known as bleach)

**For more information, please see the following documents:**
**আরো তথ্যের জন্য, দয়া করে নীচের ডকুমেন্টগুলি দেখুন:**

- Health Focal Points list and contacts area available at:
  স্বাস্থ্য ফোকাল পয়েন্ট তালিকা এবং যোগাযোগের এলাকা পাওয়া যাবে
  https://www.humanitarianresponse.info/en/operations/bangladesh/document/health-sector-monsoon-situation-report
- World Health Organization Advice on the use of masks in the community, during home care and in health care settings in the context of the novel coronavirus (2019-nCoV) outbreak, 29 January 2020,
  ২৯ জানুয়ারী ২০২০ইং নতুন করোনভাইরাস (2019-nCoV) প্রাদুর্ভাবের প্রেক্ষিতে, বাড়ি পরিচর্যা এবং স্বাস্থ্যসেবা প্রদানের সময় স্থানীয় এলাকায় মুখোশ ব্যবহারে বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শঃ
  https://www.who.int/publications-detail/advice-on-the-use-of-masks-in-the-community-during-home-care-and-in-healthcare-settings-in-the-context-of-the-novel-coronavirus-(2019-ncov)-outbreak
- World Health Organization and UNICEF, 3 March 2020 Water, sanitation, hygiene and waste management for the COVID-19 virus:
  বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ইউনিসেফ, ৩মার্চ ২০২০ইং, নতুন করোনভাইরাসের জন্য পানি, স্যানিটেশন, স্বাস্থ্যবিধি এবং বর্জ্য ব্যবস্থাপনাঃ
- https://www.who.int/publications-detail/water-sanitation-hygiene-and-waste-management-for-covid-19
- World Health Organization, 13 March 2020, Getting your workplace ready for COVID-19: বিশ্ব স্বাস্থ্য সংস্থা ১৩মার্চ ২০২০ইং, নতুন করোনভাইরাস COVID-19 এর জন্য আপনার কাজের স্থান প্রস্তুত করাঃ
  https://www.who.int/docs/default-source/coronaviruse/getting-workplace-ready-for-covid-19.pdf
- The Sphere standards and the Coronavirus response, 29th February 2020: স্ফিয়ার আদর্শমান এবং নতুন করোনভাইরাস সাড়াপ্রদান, ২৯ ফেব্রুয়ারী, ২০২০ইংঃ
  https://spherestandards.org/coronavirus/
- COVID-19 Key Messages – prevention, mitigation and response; Civil Surgeon, Health Sector, WASH Sector, CWC Working Group, 16th March 2020:
  নতুন করোনাভাইরাস মৌলিক বার্তাসমূহ- প্রতিরোধ, প্রশমন এবং সাড়াদান; সিভিল সার্জন, স্বাস্থ্য সেক্টর, ওয়াশ সেক্টর, সিডব্লিউসি কার্যসম্পাদনকারী দল, ১৬ মার্চ ২০২০ইংঃ
    - For Rohingya Community ONLY: কেবলমাত্র রোহিঙ্গা সম্প্রদায়ের জন্যঃ
      https://drive.google.com/file/d/1E-mBV285Q3fsP5AfwGDxeomBVb1t5UBr/view?usp=sharing
    - For Bangladeshi Host Community ONLY: শুধুমাত্র বাংলাদেশী স্থানীয় জনগণের জন্যঃ
      https://drive.google.com/file/d/1VnrY1gs9alNc3rFfSfmLtfdnYTzyiMQ3/view?usp=sharing